আজকের কাগজ

তারিখ 27 NOV 1993

পৃঃ ২ কলাম ৪

1241

চট্টগ্রাম বিআইটিতে চরম উত্তেজনা

# বিভিন্ন ছাত্র সংগঠনের সশস্ত্র ক্যাডাররা হলে অবস্থান করছে

চট্টগ্রাম অফিস ঃ চট্টগ্রামের বিআইটিতে চরম উত্তেজনা বিরাজ করছে। যে কোনো সময় প্রতিদ্বন্দ্বী ছাত্র সংগঠনের মধ্যে রক্তক্ষয়ী সংঘর্ষ ঘটে যেতে পারে। গতকাল পুলিশ হল তল্লাশি করে বিপুল পরিমাণ অস্ত্র উদ্ধার করেছে। পুলিশ এ সময় ৬ জনকেও গ্রেফতার করে। হলগুলোতে এখন ছাত্রলীগ, ছাত্রদল এনডিপি'র সশস্ত্র ক্যাডাররাই অবস্থান করছে। সাধারণ ছাত্রছাত্রী হল ত্যাগ করে চলে গেছে।

পুলিশ জানায়, গত বৃহস্পতিবার সংঘটিত ঘটনার সঙ্গে জড়িত সন্দেহে হল থেকে ৬ ব্যক্তিকে গ্রেফতার করা হয়েছে। এরা হলো-আবুল হোসেন সবুজ, মোঃ কবির চৌধুরী, মমতাজুল আলম, বদিউল আলম মশিউর আলম, খালেদ হোসেন শিমুল। এ রিপোর্ট লেখা পর্যন্ত কলেজ বন্ধ ঘোষণা করা হয়নি।